রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১২, ২০২৬

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/১০ মার্চ ২০২৬

নং **১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.২৩-২২১**।—বাংলাদেশ নির্বাচন কমিশন, The Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972)-এর Article 91A এবং Article 91AA-এ প্রদত্ত ক্ষমতাবলে, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৯-০৩-২০২৬ তারিখের ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.২৩.১৮১ নং স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনি এলাকা ১৪৫ শেরপুর-৩ আসনের বাংলাদেশ জামায়াতে ইসলামী এর বৈধভাবে মনোনীত প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোহাম্মদ নুরুজ্জামান এর মৃত্যুজনিত কারণে উক্ত নির্বাচনি এলাকা হতে ০১ (এক) জন সংসদ সদস্য নির্বাচনের জন্য এবং ১৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে শূন্য ঘোষিত ৪১ বগুড়া-৬ আসন হইতে ০১ (এক) জন জাতীয় সংসদ সদস্য নির্বাচন উপলক্ষে The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 91A এর অধীনে 'নির্বাচন-পূর্ব অনিয়ম' অনুসন্ধান করার পাশাপাশি Article 73, 75, 77 এবং Article 91B (3) এর আওতাধীন অপরাধসমূহের সংক্ষিপ্ত বিচারের নিমিত্ত নিম্নবর্ণিত ছকের ১নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার জন্য ২নং কলামে বর্ণিত অধিক্ষেত্রে দায়িত্বপালনের উদ্দেশ্যে ৩নং কলামে বর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সমন্বয়ে ০২ (দুই) **নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)** গঠন করলো:

**"ছক"**

| নির্বাচনি এলাকা নম্বর ও নাম | নির্বাচনি এলাকার অধিক্ষেত্র | বিচার বিভাগীয় কর্মকর্তাগণের নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|
| ৪১ বগুড়া-৬ | বগুড়া সদর উপজেলা | জনাব মোঃ আহসান হাবিব<br>যুগ্ম জেলা ও দায়রা জজ, বগুড়া |
| ১৪৫ শেরপুর-৩ | (ক) শ্রীবর্দি উপজেলা এবং<br>(খ) ঝিনাইগাতি উপজেলা | জনাব মোঃ মোরশেদুল আলম<br>যুগ্ম জেলা ও দায়রা জজ, শেরপুর |

২। দায়িত্বপ্রাপ্ত 'নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)'-এর কর্মকর্তাগণ নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত নির্বাচন কমিশনে ন্যস্ত থাকবেন এবং অত্র প্রজ্ঞাপন জারির তারিখ হতে উক্ত কর্মকর্তাগণ নিজ দপ্তর হতে তাৎক্ষণিকভাবে অবমুক্ত (stand released) মর্মে গণ্য হবেন।

৩। উল্লিখিত 'নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)'-এর কর্মকর্তাগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৪। অত্র প্রজ্ঞাপন জারির তারিখ হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের সময় পর্যন্ত নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)'-এর কর্মকর্তাগণ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় উপস্থিত থেকে সার্বক্ষণিক নির্বাচনি দায়িত্ব পালন করবেন মর্মে নির্বাচন কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৫। বর্ণিত নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)' কর্তৃক দায়িত্ব পালনকালে উপরিউক্ত নির্বাচন-পূর্ব অনিয়ম সংঘটিত হলে তা অনুসন্ধান পূর্বক ০৩ (তিন) দিনের মধ্যে প্রতিবেদন নির্বাচন কমিশনকে অবহিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসারের নিকট প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার উক্ত অনুসন্ধান প্রতিবেদন সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয় বরাবর প্রেরণ করবেন এবং অতিসত্বর উক্ত প্রতিবেদন পিডিএফ ফরমেটে অত্র সচিবালয়ের আইন অনুবিভাগের উপসচিব (আইন বিষয়ক-১ শাখা) (sas_la1) এর ইন্টারনাল একাউন্টে প্রেরণ করবেন।

৬। বর্ণিত নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)' কর্তৃক দায়িত্ব পালনকালে যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, কোন নির্বাচন-পূর্ব অনিয়ম যা সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ এর লঙ্ঘনজনিত কারণে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৯১খ (৩) অনুচ্ছেদের আওতাধীন অপরাধ হিসেবে বিবেচ্য তাহলে উক্ত নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি উক্ত আদেশের ৯১কক অনুচ্ছেদ মোতাবেক সংক্ষিপ্ত পদ্ধতিতে উক্ত অপরাধের বিচার করতে পারবেন।

৭। বর্ণিত নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)' দায়িত্ব পালনকালে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৭৩, ৭৫ ও ৭৭ এর আওতাধীন কোনো অপরাধ উক্ত আদেশের ৯১কক অনুচ্ছেদ মোতাবেক সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার করতে পারবেন।

৮। উক্ত নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)' কর্তৃক দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহায়ক কর্মচারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯। বর্ণিত কমিটির কর্মকর্তাগণের চাহিদা এবং প্রয়োজন অনুসারে সার্বক্ষণিকভাবে জীপগাড়ী বা মাইক্রোবাস বা স্পীডবোট এবং ক্ষেত্রমত প্রয়োজনীয় যানবাহন সরবরাহের জন্য সকল জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০। উক্ত নির্বাচনি দায়িত্ব পালনকালে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে কমিটির কর্মকর্তাগণের সহিত পুলিশ বাহিনীর ০২ (দুই) জন অস্ত্রধারী সদস্যকে নিয়োগ করার জন্য সকল পুলিশ কমিশনার/পুলিশ সুপারকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়াও বর্ণিত কমিটি কোনো অনুসন্ধান বা বিচারকার্য পরিচালনার নিমিত্ত উক্ত কমিটির চাহিত মতে প্রয়োজনীয় স্ট্রাইকিং ফোর্স মোতায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮৯ক(২) মোতাবেক সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/পুলিশ সুপার/স্থানীয় থানার অফিসার ইনচার্জ/অন্য কোনো আইন প্রয়োগকারী সংস্থার কমান্ডার/ইনচার্জ-কে অনুরোধ করা হলো।

১১। বর্ণিত নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটির কাজ সুষ্ঠুভাবে পরিচালনা ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের জন্য ইতোপূর্বে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে নির্বাচন কমিশনের ১৪-১২-২০২৫ ইং তারিখের ১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.২৫-৩৫ নং স্মারকমূলে জারীকৃত পরিপত্র-৫ এবং একই তারিখের ১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.২৫-৩৬ নং স্মারকমূলে জারীকৃত পরিপত্র-১০ অনুসরণ করতে হবে।

১২। নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)'-এর কর্মকর্তাগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোহাম্মদ দিদার হোসাইন**
উপসচিব (আইন বিষয়ক-১)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd